"ছেলে হোক, মেয়ে হোক
দু'টি সন্তানই যথেষ্ট"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
৬, কাওরান বাজার, ঢাকা- ১২১৫
www.dgfp.gov.bd

নং-৫৯.১১.০০০০.১৫২.১৯.০১৩.১৯-২৯৫৮

তারিখ : ০১ অগ্রহায়ণ ১৪২৮ / ১৬ নভেম্বর ২০২১

অফিস আদেশ

পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ২৩.০২.২০১৭ তারিখের পপঅ/প্রশা-১/FWA-FPI/পদায়ন-৩৪৪/২০১৬/৬৫৬ সংখ্যক স্মারকে বরিশাল জেলাধীন মেহেন্দিগঞ্জ উপজেলার ভাষানচর ইউনিয়নের ২/খ ইউনিটের পরিবার কল্যাণ সহকারী জনাব সাহিদা বেগম-কে সংশ্লিষ্ট ইউনিয়নে নিয়মিত পরিবার পরিকল্পনা পরিদর্শক পদায়ন/নিয়োগ করা হলে অথবা পেনশনের পূর্বে স্বপদে ফেরত আসতে বাধ্য থাকবেন মর্মে শর্ত প্রদানপূর্বক নিজ বেতনে একই উপজেলার বিদ্যানন্দপুর ইউনিয়নের পরিবার পরিকল্পনা পরিদর্শক এর শূন্য পদে পদায়ন করা হয়।

২। জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, বরিশাল এর ১১.০৮.২০২১ তারিখে জেপপ/বরি/নিয়োগ-২০২১/৭৪৬ সংখ্যক স্মারকে বরিশাল জেলাধীন মেহেন্দিগঞ্জ উপজেলার বিদ্যানন্দপুর ইউনিয়নের পরিবার পরিকল্পনা পরিদর্শক এর শূন্য পদে জনবল নিয়োগের বিজ্ঞপ্তি জারি করা হয়। বর্তমানে নিয়োগ প্রক্রিয়া চলমান রয়েছে।

৩। এক্ষণে, জনাব সাহিদা বেগম, পরিবার কল্যাণ সহকারী এর নিজ বেতনে পরিবার পরিকল্পনা পরিদর্শক পদের পদায়ন আদেশ বাতিলপূর্বক তাঁর মূলপদ বরিশাল জেলাধীন মেহেন্দিগঞ্জ উপজেলার ভাষানচর ইউনিয়নের ২/খ ইউনিটের পরিবার কল্যাণ সহকারীর শূন্য পদে ফেরত প্রদান করা হলো।

৪। সংশ্লিষ্ট পদধারীকে আগামী ২২.১১.২০২১ তারিখের মধ্যে যোগদানের নির্দেশ প্রদান করা হলো। অন্যথায় আগামী ২২.১১.২০২১ তারিখ অপরাহ্নে বর্তমান কর্মস্থল হতে তাৎক্ষণিক অবমুক্ত (Stand Release) হিসেবে গণ্য হবেন।

মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদনক্রমে।

১৬.১১.২০২১
(মোঃ শাহাদৎ হোসেন)
উপপরিচালক (পার্সোনেল)
ফোন : ৫৫০১২৩৪৩

নং-৫৯.১১.০০০০.১৫২.১৯.০১৩.১৯-২৯৫৮/১(১০)

তারিখ : ০১ অগ্রহায়ণ ১৪২৮ / ১৬ নভেম্বর ২০২১

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো:

১. পরিচালক, পরিবার পরিকল্পনা, বরিশাল বিভাগ।
২. উপপরিচালক, পরিবার পরিকল্পনা, বরিশাল।
৩. সহকারী পরিচালক (পার-২), পরিবার পরিকল্পনা অধিদপ্তর।
৪. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/মেডিকেল অফিসার(এমসিএইচ-এফপি), মেহেন্দিগঞ্জ, বরিশাল।
৫. উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, মেহেন্দিগঞ্জ, বরিশাল।
৬. সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, এমআইএস ইউনিট, এ অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, পরিবার পরিকল্পনা অধিদপ্তর।
৮. পরিচালক (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, পরিবার পরিকল্পনা অধিদপ্তর।
৯. জনাব সাহিদা বেগম, পরিবার কল্যাণ সহকারী (নিজ বেতনে পরিকল্পনা পরিদর্শক পদে পদায়নকৃত), ইউনিয়ন-বিদ্যানন্দপুর, উপজেলা-মেহেন্দিগঞ্জ, জেলা-বরিশাল।
১০. অফিস কপি।

১৬.১১.২০২১
(মোঃ শাহাদৎ হোসেন)
উপপরিচালক (পার্সোনেল)
ফোন : ৫৫০১২৩৪৩